# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**26-03-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) বিধানসভা ভোটের আগে নির্বাচন কমিশন নজরদারি আরও জোরদার করেছে। একাধিক রাজ্যে উদ্ধার করা হয়েছে ৪-শো কোটি টাকারও বেশি মূল্যের নগদ সহ বিভিন্ন সামগ্রী।

২) রাজ্য বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে বাংলাদেশ সীমান্তে নিরাপত্তা পরিস্থিতি এবং ভোটে বিএসএফ-এর ভূমিকা নিয়ে রাজ্যপাল আর এন রবি আজ সীমান্তরক্ষী বাহিনীর সঙ্গে বৈঠক করেছেন।

৩) বিধানসভা নির্বাচনের জন্য বামফ্রন্ট আজ চতুর্থ দফায় আরও ৭ জন প্রার্থীর নাম ঘোষণা করেছে।

এদিকে, ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজ্যে প্রচার জমে উঠেছে।

৪) সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘ ভাতা বা ডিএ মেটানোর জন্য রাজ্য অর্থ দফতরের তরফে একটি বিশেষ পোর্টাল চালু করা হয়েছে।

৫) সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় রামনবমী উদযাপিত হচ্ছে।

৬) ঘূর্ণাবর্ত, অনুকূল বায়ু প্রবাহ ও জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায়, রাজ্যের বেশকিছু জেলায় আজ বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা ভোটের আগে নির্বাচন কমিশন, দেশজুড়ে নজরদারি আরও জোরদার করেছে। একাধিক রাজ্যে মিলিয়ে ইতিমধ্যেই ৪০০ কোটি টাকারও বেশি মূল্যের নগদ, মদ, মাদক এবং অন্যান্য সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে বলে কমিশনের তরফে জানানো হয়েছে ।

নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, ২৬ ফেব্রুয়ারি থেকে ২৫ মার্চ পর্যন্ত মোট ৪০৮ কোটি .৮২ লক্ষ টাকার অবৈধ সামগ্রী উদ্ধার করা হয়েছে। এর মধ্যে রয়েছে ১৭ কোটি .৪৪ লক্ষ টাকা নগদ, প্রায় ৩৭ কোটি ৬৮ লক্ষ টাকার মদ, ১৬৭ কোটি ৩৮ লক্ষ টাকার মাদক, ২৩ কোটি টাকার মূল্যবান ধাতু এবং ১৬৩ কোটিরও বেশি মূল্যের অন্যান্য সামগ্রী।

নজরদারি বাড়াতে দেশজুড়ে ৫ হাজার ১৭৩টি ফ্লাইং স্কোয়াড এবং ৫ হাজার ২০০-রও বেশি স্ট্যাটিক সার্ভেল্যান্স টিম মোতায়েন করা হয়েছে। বিভিন্ন জায়গায় নাকা চেকিংয়ের মাধ্যমে এই বাজেয়াপ্ত করার কাজ চলছে বলে কমিশন জানিয়েছে ।

অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রেও দ্রুততা আনার দাবি করেছে কমিশন। সি-ভিজিল অ্যাপের মাধ্যমে ১৫ থেকে ২৫ মার্চ পর্যন্ত মোট ৭০,হাজার ৯৪৪টি অভিযোগ জমা পড়েছে, যার মধ্যে ৯৫ শতাংশেরও বেশি অভিযোগ ১০০ মিনিটের মধ্যে নিষ্পত্তি করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে বাংলাদেশ সীমান্তে নিরাপত্তা পরিস্থিতি এবং ভোটে বিএসএফের ভূমিকা নিয়ে রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি আজ সীমান্তরক্ষী বাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ডের প্রধান সুমিত শারণের সঙ্গে বৈঠক করেন। লোক ভবনে ঐ বৈঠকে সীমান্ত নিরাপত্তার বর্তমান অবস্থা, বাহিনী মোতায়েন পরিকল্পনা এবং নির্বাচনের সময় আইনশৃঙ্খলা রক্ষার বিষয়টি বিস্তারিতভাবে তুলে ধরা হয়। বিএসএফের প্রস্তুতি নিয়ে রাজ্যপাল সন্তোষ ব্যক্ত করেছেন।

পশ্চিমবঙ্গে অতীত নির্বাচনে রাজনৈতিক হিংসা উল্লেখ করে রাজ্যপাল সাধারণ মানুষের মধ্যে আস্থা তৈরি এবং অসামাজিক কার্যকলাপের বিরুদ্ধে কড়া প্রতিরোধ গড়ে তোলার উপর জোর দেন।

অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে সর্বতোভাবে সহযোগিতা করা হবে বলে বিএসএফের তরফে আশ্বস্ত করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে SIR প্রক্রিয়ায় বিবেচনাধীন তালিকায় থাকা বাকি নাম ঝাড়াই-বাছাইয়ের পর আগামীকাল পরবর্তী অতিরিক্ত তালিকা প্রকাশিত হওয়ার কথা। প্রায় ৬০ লক্ষ নামের মধ্যে ইতমধ্যেই নিষ্পত্তি হয়েছে ৩২ লক্ষের। এর মধ্যে প্রায় ৪০ শতাংশ নাম, বাদ গেছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, গত সোমবার প্রায় ১০ লক্ষ ভোটদাতার প্রথম সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশিত হয়। ই-সাইন প্রক্রিয়া অনুমোদিত নামগুলিই তালিকায় রয়েছে বলে জানা গেছে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের পক্ষ থেকে প্রতিদিন তালিকা প্রকাশের অনুমতি চেয়ে কলকাতা হাইকোর্টে আবেদন জানানো হয়। তবে, ২৭ মার্চ অর্থাৎ আগামীকালের পর বিষয়টি বিবেচনা করা হবে বলে আদালত জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনে বামফ্রন্ট আজ চতুর্থ দফায় আরও ৭ জন প্রার্থীর নাম ঘোষণা করেছে। মুর্শিদাবাদের জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ, নদীয়ার নাকাশিপাড়া, রানাঘাট উত্তর-পশ্চিম ও রানাঘাট উত্তরপূর্ব , পূর্ব মেদিনীপুরের এগরা ও বীরভূমের ময়ূরেশ্বর এই সাতটি আসনে সিপিআইএম প্রার্থীরা প্রতিদ্বন্দিতা করবেন। জঙ্গিপুরে – অলোক কুমার দাস, রঘুনাথগঞ্জে আবুল হাসনাথ, নাকাশিপাড়ায় শুক্লা সাহা, রানাঘাট উত্তর-পশ্চিমে দেবাশিষ চক্রবর্তী, রানাঘাট উত্তর-পূর্বে মৃনাল বিশ্বাস, এগরায় সুব্রত পান্ডা, ময়ূরেশ্বরে জয়ন্ত ভাল্লাকে প্রার্থী করা হয়েছে।

উল্লেখ্য, চার দফা মিলিয়ে বামফ্রন্ট এখনো পর্যন্ত ২৪৬-টি আসনের প্রার্থী তালিকা প্রকাশ করল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজ্যে প্রচার জমে উঠেছে। তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ পশ্চিম বর্ধমানের পান্ডবেশ্বর ও বীরভূমের দুবরাজপুরে

জনসভা করেন। এস আই আর প্রক্রিয়ার নামে ভোটার তালিকা থেকে নাম বাদ দেওয়া হচ্ছে বলে সমালোচনায় সরব হন তিনি।

(বাইট – মমতা ব্যানার্জী)

এদিকে, সি পিআইএম নেতা মহম্মদ সেলিমও প্রচারে সামিল হয়ে এস আই আর-এর সমালোচনা করে বলেন, ভোটার তালিকা এরফলে সম্পূর্ণ ঘেঁটে গেছে।

(বাইট – সেলিম)

মানুষের ভোটাধিকার রক্ষার দাবি নিয়ে সিপিআইএম আগমী ৩০ ও ৩১-শে মার্চ রাজ্যজুড়ে বিক্ষোভ ও ধর্ণা কর্মসূচীতে সামিল হবে বলে তিনি জানান।

অন্যদিকে, বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য, এস আই আর-এর পক্ষে জোরালো সওয়াল করে বলেছেন, নির্বাচন কমিশন তাদের জায়গা থেকে সঠিক কাজই করছে।

(বাইট – শমীক)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ সন্ধ্যায় পানিহাটি বিধানসভা কেন্দ্রের দলীয় প্রার্থী অভয়ার মা রত্না দেবনাথের বাড়িতে গিয়ে তাঁদের সঙ্গে কথা বলেন।

তৃণমূল কংগ্রেস নেতা ফিরহাদ হাকিম ও কুণাল ঘোষও সামিল হন প্রচারে।

oooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীতে বিজেপির প্রচার চলাকালীন দুষ্কৃতী তান্ডবের পর এলাকার পরিস্থিতি এখনও থমথমে। মোতায়েন করা হয়েছে বিশাল পুলিশ বাহিনী। তবে, এখনও কেউ গ্রেফতার হয়নি।

উল্লেখ্য, সকালে বিজেপি প্রার্থী বিকাশ সর্দারের প্রচার চলার সময় হঠাতই স্থানীয় তৃণমূল কংগ্রেস নেতা রাজা গাজীর নেতৃত্বে একদল দুষ্কৃতী হামলা চালায় বলে অভিযোগ। তারা বিজেপির মিছিলে ঢুকে পড়ে অন্তত দুটি মোটরসাইকেল ভাঙচুর করে। লাঠিসোঁটা, গাছের ডাল নিয়ে মারধোর করা হয় বলে অভিযোগ। বাদ পড়েননি উপস্থিত পুলিশ কর্মীরাও। আহত হন ৮ পুলিশ কর্মীও। ক্যানিং হাসপাতালে তদের চিকিৎসা চলছে।

প্রশাসনের মদতে এবং পুলিশি নিষ্ক্রিয়তার সুযোগ নিয়ে দুষ্কৃতীরা এই তাণ্ডব চালিয়েছে বলে বিজেপির পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, পুলিশ কিভাবে আক্রান্ত হয় সেই প্রশ্ন তুলেছেন ?

তৃণমূল কংগ্রেস অবশ্য যাবতীয় অভিযোগ অস্বীকার করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারের দিনহাটা ৭ নম্বর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অজয় রায়ের বিরুদ্ধে ভোট প্রচারে বেরিয়ে তৃণমূল কংগ্রেস কর্মীকে প্রাণে মারার চেষ্টার অভিযোগ উঠেছে। শাসক দলের অভিযোগ, শহরের ১২ নম্বর ওয়ার্ডে আজ প্রচারে বের হন অজয় রায়। সেই সময় দিনহাটা ভিলেজ-১ গ্রাম পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেসের সহ-সভাপতি রানা বণিককে লক্ষ্য করে তিনি গালিগালাজ করেন বলে অভিযোগ। প্রার্থীর ব্যক্তিগত নিরাপত্তার দায়িত্বে থাকা কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা বন্দুক উঁচিয়ে রানাকে প্রাণনাশের হুমকি দেয় বলেও শাসক দলের পক্ষ থেকে দাবী করা হয়েছে। যদিও সমস্ত অভিযোগ অস্বীকার করেছে বিজেপি।

০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গের এবারের বিষয় **'প্রাকৃতিক চাষে এগিয়ে আসছেন কৃষকরা'** ।

এই নিয়ে হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্রের কৃষি সম্প্রসারণ বিভাগের বিষয়বস্তু বিশেষজ্ঞ ডক্টর সৈকত সাহার সঙ্গে কথা বলেছেন দিব্য দে।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি প্রচারতরঙ্গ, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘ ভাতা বা ডিএ মেটানোর জন্য রাজ্য অর্থ দফতরের তরফে একটি বিশেষ পোর্টাল চালু করা হয়েছে। ওই পোর্টালে সরকারি কর্মচারীরা নিজেদের বকেয়া ডিএ-র হিসাব আপলোড শুরু করেছেন। আপাতত ২০১৬ সালের জানুয়ারি থেকে ২০১৯ সালের ডিসেম্বর পর্যন্ত বকেয়া ডিএ-র তথ্য সেখানে জমা নেওয়া হচ্ছে।

আগামী মঙ্গলবার, ৩১ মার্চ, অর্থবর্ষের শেষ দিনেই প্রথম কিস্তির টাকা মেটানোর সম্ভাবনা।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী ডিএ প্রদানের প্রক্রিয়া শুরু করার আগে একটি মান্য কার্যবিধি (এসওপি) চালুর কথা বলা হয়েছিল। তবে এখনও পর্যন্ত এ বিষয়ে নবান্নের তরফে কোনও বিস্তারিত নির্দেশিকা প্রকাশ করা হয়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে কৃষকদের বর্তমান অবস্থা অত্যন্ত উদ্বেগজনক বলে বিজেপি দাবি করেছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, কৃষি নীতিতে কোনো সামঞ্জস্য না থাকা এবং পরিকল্পনার অভাবে এই পরিস্থিতি তৈরি হয়েছে।

একাধিক জেলায় আলু চাষিদের আত্মহত্যার প্রসঙ্গ উল্লেখ করে শ্রী ভট্টাচার্য তাদের দুর্দশার জন্য শাসকদলকে দায়ী করেন। তিনি বলেন, ঋণের বোঝা ও প্রাকৃতিক দুর্যোগের পাশাপাশি কৃষকরা উৎপাদিত ফসলের সঠিক মূল্য না পাওয়া এবং বাজারে কৃত্রিম নিয়ন্ত্রণের জন্য চরম সমস্যায় পড়েছে। অথচ রাজ্য সরকার কৃষকদের পাশে দাঁড়াতে ব্যর্থ। মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন সরকার এরাজ্য থেকে আলু রপ্তানির পর বন্ধ করে দেওয়ায় সমস্যআ আরও জটিল হয়েছে।

শমিক বাবু বলেন, উত্তরবঙ্গ সহ রাজ্যের বিভিন্ন অঞ্চলে অবৈধ বালি উত্তোলন ও পরিবেশগত সমস্যার কারণে কৃষি জমির ক্ষতি হচ্ছে। এর ফলে উৎপাদনও কমে যাচ্ছে। বিভিন্ন নদী থেকে বেআইনীভাবে বালি তুলে নেওয়ার কারণে নদীগুলিও গতিপথ পরিবর্তন করেছে। ফলে চাষযোগ্য বহু জমি নদী গর্ভে তলিয়ে গেছে। এর ফলে ধান চাষের যুকেত কৃষকরাও ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

(বাইট – শমীক)

রাজ্যের মানুষ বর্তমান পরিস্থিত সম্পর্কে ওয়াকিবহাল এবং আসন্ন বিধানসভা নির্বাচনে তার প্রতিফলন ঘটবে বলেও শমিকবাবু দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

oooooooooooooooooooooo

দক্ষিন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও সংলগ্ন উত্তর ওড়িশার উপর একটি ঘূর্ণাবর্ত এর অবস্থান এবং অনুকূল বায়ু প্রবাহ ও বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায় রাজ্যের বেশ কিছু জেলায় আজ দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

ইতোমধ্যেই উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা, কলকাতা , হুগলি, ঝাড়গ্রাম এবং উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং ও জলপাইগুড়ি জেলা থেকে ঝোড়ো হাওয়া সহ বৃষ্টির খবর পাওয়া গেছে।

এছাড়াও বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় রাতের দিকেই বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির,পূর্বাভাস রয়েছে।

রাজ্যের প্রায় সব জেলাতেই আগামীকাল থেকে ঝড় বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

এদিকে আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ১ দশমিক ৭ ডিগ্রি বেশি, অন্যদিকে, সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৩ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় প্রায় দেড় ডিগ্রী কম।

এদিকে দুর্যোগ ও আবহাওয়া খারাপ থাকায় মুখ্যমন্ত্রীর বিমান দমদম বিমানবন্দরে অবতরণ করতে পারেনি। প্রায় দেড় ঘণ্টা আকাশে চক্কর কাটার পর অবশেষে ৫টা ১৯ তাঁর বিমান কলকাতা বিমানবন্দরেই অবতরণ করে।

oooooooooooooooooooooo

সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় রামনবমী উদযাপিত হচ্ছে।

হাওড়ার রামরাজাতলার ঐতিহ্যবাহী রামমন্দিরে সকাল থেকেই বিশেষ পুজো পাঠের আয়োজন করা হয়। এর আগে কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে অঞ্জনী পুত্র সেনা কাজীপাড়া থেকে বঙ্গবাসী হওড়া ময়দান পর্যন্ত মিছিলের আয়োজন করে।

সাঁতরাগাছি স্টেশনের কাছে আর একটি মিছিলে সামিল হন শিবপুর বিধানসভা কেন্দ্রের প্রার্থী রুদ্রনীল ঘোষ, হওড়ার শ্যামাশ্রীর সামনে থেকে রামরাজাতলা পর্যন্ত আর একটি মিছিলে গদা হাতে সামিল হন মধ্য হাওড়ার প্রার্থী বিপ্লব মন্ডল।

রামনবমী পালন উপলক্ষে আজ ভবানীপুর বিধানসভা এলাকায় এক বর্ণময় শোভাযাত্রায় অংশ নেন বিরোধী দলনেতা, বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারী। নিউটাউনে রামনবমীর শোভাযাত্রায় পুলিশের বিরুদ্ধে বাধা দেওয়ার অভিযোগ ওঠে। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় সাময়িক উত্তেজনা ছড়ায়। সংশ্লিষ্ট বিধানসভার প্রার্থী পীযূষ কারোনিয়া সেখানে উপস্থিত ছিলেন।

এদিকে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য নিউটাউনের এই ঘটনার নিন্দা করেছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি অভিযোগ করেন, ধর্মীয় স্বাধীনতার ক্ষেত্রে বাধা সৃষ্টি করা হচ্ছে, যা সমাজে বিভাজন বাড়াচ্ছে।

পশ্চিম মেদিনীপুরের ডেবরায় রাম নবমী উপলক্ষে বাইক রালিতে যোগ দেন বিজেপি নেতা দিলীপ ঘোষ।

মেদিনীপুরে হিন্দু যুব বাহিনীর উদ্যোগে গতরাতে ২২ ফুট দীর্ঘ রামচন্দ্রের পূর্ণাবায়ব মূর্তি নিয়ে এক বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। আজ শহরে প্রায় ২০ হাজার মোটর সাইকেল নিয়ে মোটর রালির আয়োজন করা হয়েছে।

দক্ষিণ ২৪ পরগনার মহেশতলা পুরসভার ৭ নম্বর ওয়ার্ডে রামজানকী মন্দির প্রাঙ্গণ থেকে এক শোভাযাত্রায় অংশ নেন কয়েক হাজার ভক্ত। শোভযাত্রার প্রধান আকর্ষণ ছিল, রামলালার মূর্তি ছাড়াও বিভিন্ন দেব-দেবীর সুসজ্জিত প্রতিমা।

পুরুলিয়ায় রামনবমী উপলক্ষে বিশাল মিছিলের আয়োজন করা হয়েছে। এলাকায় মোতায়েন রয়েছে পুলিশ ও আধা সামরিক বাহিনী।

উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জে রামনবমীর শোভাযাত্রা আমবাগান মাঠ থেকে শুরু হয়ে বিভিন্ন রাস্তা পরিক্রমা করে। মিছিলে সামিল হন রায়গঞ্জের সাংসদ কার্তিক পাল ও কালিয়াগঞ্জের বিজেপি প্রার্থী উৎপল মহারাজ।

এদিকে, জেলার ইসলামপুরে রামনবমীর মিছিল একাধিক জায়গায় পুলিশ আটকে দেয় বলে অভিযোগ। এমন কি অনেক ভক্তকে মূল মিছিলের জায়গায় যেতে বাধা দেওয়া হয় বলে উদ্যোক্তাদের দাবি। এই ঘটনার প্রতিবাদে ইসলামপুর রাস্তায় বসে বিক্ষোভ দেখান বহু ভক্ত। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে মোতায়েন করা হয় বিশাল পুলিশ বাহিনী।

কোচবিহারের মাথাভাঙার ঘোকসা ডাঙা এলাকায় শোভাযাত্রায় অংশগ্রহণ করেন। মাথাভাঙা কেন্দ্রের প্রার্থী, প্রাক্তন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশিথ প্রামাণিক।

এদিকে, জলপাইগুড়ি ও শিলিগুড়িতে আগামীকাল রামনবমীর শোভাযাত্রার আয়োজন করা হবে। কোন রকম অপ্রীতিকর ঘটনা এড়াতে পুলিশের পক্ষ থেকে ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। শিলিগুড়ির পুলিশ কমিশনার সৈয়দ ওয়াকার রাজ আজ দার্জিলিং মোড় সহ বিভিন্ন এলাকা পরিদর্শন করেন।

এদিকে, জেলার বেলাকোবায় রামনবমীর পতাকা লাগানোকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। এলাকাবাসী সেখানে পতাকা লাগানোর কাজ শুরু করলে পুলিশ বাধা দেয় বলে অভিযোগ। এই ঘটনায় প্রতিবাদে সামিল হন, এলাকার মানুষ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রামনবমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

রামনবমী উপলক্ষে কলকাতা পুলিশ আজ ও আগামীকাল, শহরের বিভিন্ন রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করবে। আজ বেলা বারোটা থেকে রাত ১২ টা পর্যন্ত এবং

আগামীকাল সকাল ছ'টা থেকে রাত আটটা পর্যন্ত কলকাতা পুলিশের আওতাধীন সব থানা এলাকায় অত্যাবশ্যক ছাড়া  অন্যান্য পণ্যবাহী গাড়ি চলাচল বন্ধ রাখা হচ্ছে।

এদিকে, চৈত্র মাসের শুক্লা অষ্টমী তিথিতে আজ অন্নপূর্ণা পুজোরও আয়োজন করা হয়েছে। দুপুর পর্যন্ত অষ্টমী তিথি থাকায় নব পত্রিকা স্নান ও কলস যাত্রারও আয়োজন করা হয়। পারিবারিক পুজোর পাশাপাশি আয়োজন করা হয় কিছু বারোয়ারি পুজোরও।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo